

তারিখ: ২২.০২.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারিখ: ২২.০২.২০১৭

বিষয়: গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম বিভাগের প্রভাষক রবিউল ইসলাম কর্তৃক চতুর্থ বর্ষের এক ছাত্রীর যৌন হয়রানির ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সাথে জড়িতের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থাগ্রহণসহ সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ এবং নির্যাতনের শিকার ছাত্রীসহ সকল ছাত্রীর নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ২২.০২.২০১৭ তারিখ বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, গোপালগঞ্জের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম বিভাগের প্রভাষক রবিউল ইসলাম কর্তৃক চতুর্থ বর্ষের এক ছাত্রীর যৌন হয়রানির ঘটনা ঘটেছে। জানা যায়, নির্যাতনের শিকার ছাত্রীকে বিয়ের প্রলোভন দেখিয়ে প্রভাষক রবিউল ইসলাম তার বাসায় নিয়ে গিয়ে একাধিক বার যৌনহয়রানি করে এবং বিষয়টি না জানানোর জন্য নির্যাতনের শিকার ছাত্রীকে হুমকি দেয়। উল্লেখ্য যে, প্রভাষক রবিউল ইসলাম বিশ্ববিদ্যালয়ে প্রভাবশালী হওয়ায় নির্যাতনের শিকার ছাত্রী নিরাপত্তাহীনতায় ভুগছেন।

বাংলাদেশ মহিলা পরিষদ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অ্যাকাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেম বিভাগের প্রভাষক রবিউল ইসলাম কর্তৃক চতুর্থ বর্ষের এক ছাত্রীর যৌন হয়রানির ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করেছে। ঘটনার সাথে জড়িতের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থাগ্রহণসহ সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছে। নির্যাতনের শিকার ছাত্রীসহ সকল ছাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে অনুরোধ জানাচ্ছে। সেই সাথে যৌননিপীড়ন ও উত্ত্যক্তকরণের ঘটনা প্রতিরোধে মহামান্য হাইকোর্ট বিভাগের রায়ের আলোকে পৃথক আইন প্রণয়নসহ এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট প্রশাসনের নিকট জোর দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ